# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

অনলাইন অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২০

শ্রেণিঃ সপ্তম

বিষয় : ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা

সময় : ২ ঘন্টা পুর্ণমানঃ ৭০

[বিঃদ্রঃ নীচের উদ্দীপকগুলো পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও।]

১। সমাজপতি রাজা মিয়ার ভয়ে মানুষের তটস্থ থাকে। তিনি মানুষকে অকথ্য ভাষায় গালাগাল করেন এবং তিনি যা বলেন তাই করতে বাধ্য করেন। তার প্রকল্পে কর্মরত ফরিদউদ্দিনকে নামাজ পড়তে নিষেধ করে বলেন, নামাজ আবার কিসের জন্য, কাজ কর তাহলেই সুখ পাবে। কিন্তু ফরিদউদ্দিন নিয়মিত নামাজ আদায় করেন এবং তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করেন। অবশেষে কর্তৃপক্ষ ফরিদউদ্দিনের দায়িত্বশীলতায় খুশি হয় এবং তাকে পদোন্নতি দেয়।

(ক) তাওহিদ শব্দের অর্থ কী ? ১

(খ) আখিরাত বলতে কী বোঝায় ? ২

(গ) নামাজের প্রতি রাজা মিয়ার মনোভাব ইসলামের দৃষ্টিতে কিসের শামিল? ব্যাখ্যা কর। ৩

(ঘ) যে মূল বিশ্বাসের ফলে ফরিদ উদ্দিন নামাজে দৃঢ় ও দায়িত্বশীল-তা বিশ্লেষণ কর ৪

২। আকরাম সাহেব একজন বিশিষ্ট ব্যবসায়ী। একদিন তার অসুস্থ প্রতিবেশী মনি মিয়া চিকিৎসার জন্য কিছু আর্থিক সাহায্য চাইলে তিনি তাকে ফিরিয়ে দেন। অপরদিকে আকরাম সাহেবের বন্ধু আফজাল সাহেব তার অসহায় ফুফাতো বোনের বিয়ের যাবতীয় খরচ বহন করেন।

(ক) সিহাহ সিত্তাহ কী? ১

(খ) 'মানব প্রেম একটি মহৎগুন'? ব্যাখ্যা কর। ২

(গ) সাহায্য প্রার্থী মনির মিয়ার প্রতি আকরাম সাহেবের আচরণে কী লজ্জিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) আফজাল সাহেবের কাজটি পাঠ্যপুস্তকের সংশ্লিষ্ট হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩। জাহিন একদিন হাসিবের ব্যাগ থেকে ৫০ টাকা চুরি করল। হাসিব এ চুরির কথা শিক্ষককে জানাল। শিক্ষক জহিনকে ডেকে চুরির শাস্তির কথা তুলে ধরল। কারণ হাশরের ময়দানে কোন কিছু গোপন থাকবে না। এ সম্পর্কে পবিত্র কুরআনে বলা হয়েছে যে, অন্তরে যা আছে তা হাশরের দিন প্রকাশ করা হবে।

(ক) আদিয়াত কী ? ১

(খ) সহিহ বুখারীর পরিচয় দাও। ২

(গ) উদ্দীপকের শিক্ষক যে সূরাটির আয়াত পাঠ করলেন তার শিক্ষা ব্যাখ্যা কর ।৩

(ঘ) জাহিন কীভাবে এ ধরনের অপরাধমূলক কাজ থেকে বিরত থাকতে পারে বলে তুমি মনে কর তোমার মতামত দাও। ৪

৪। জনাব রায়হানের ৭ ছেলের মধ্যে ছোট ছেলে তার খুবই প্রিয়। ছোট ছেলেকে নিয়ে রায়হান খেলাধুলা করেন, এতে বাকি ছেলেরা অসন্তুষ্ট। একদিন ছোট ভাইকে বাবার অনুমোতি নিয়ে অন্যান্য ভাইয়েরা বেড়াতে নিয়ে যায়। সবাই মিলে ছোট ভাইকে ধাক্কা দিয়ে নদীতে ফেলে দেয়। কিন্তু ছোট ভাই আল্লাহ তায়ালার রহমতে প্রাণে রক্ষা পায়। পরবর্তীতে ছোট ভাই নাগিব অনেক কষ্ট সাধন করে অত্র এলাকার মন্ত্রিত্ব লাভ করে।

(ক) হযরত ইসমাইল (আ) কে ছিলেন? ১

(খ) হিজরত বলতে কী বোঝায়? ২

(গ) জনাব রায়হানের ছোট ছেলের সাথে কোন নবির বাল্যকালের ঘটনার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) জনাব রায়হানের ছোট ছেলের সাথে সাদৃশ্যপূর্ণ নবির মন্ত্রিত্ব লাভের কাহিনি বিশ্লেষণ কর। ৪

৫। আরমান ও আদনান দুজন প্রতিবেশী। আরমান অবৈধভাবে ব্যাবসা করে টাকার পাহাড় গড়েছে। প্রাচুর্যের প্রতিযোগিতায় সে মোহাচ্ছন্ন হয়ে পড়েছে। পক্ষান্তরে আদনান সৎভাবে ব্যবসা করে কোনরকমে সংসার চালায়। সে মনে করে দুনিয়ার জীবন ক্ষণস্থায়ী। পরকালের পূর্ণের পাল্লা ভারী হলে চিরসুখের জীবন লাভ করা যাবে।

ক) হাদিস কী? ১

খ) নির্ধারিত স্থানে ওয়াকফ করতে হবে কেন? ২

গ) আরমান কোন সূরার শিক্ষা অর্জনে ব্যর্থ হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) আদনানের জীবনে কোন সূরার শিক্ষা প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ কর। ৪

৬। মফিজ একজন গণিত শিক্ষক । তিনি ক্লাসে ঠিক মতো পড়ান না। ছাত্রছাত্রীদের বাসায় প্রাইভেট পড়তে বাধ্য করেন। শ্রেণির কিছু ভালো ছাত্রছাত্রী অন্য একজন শিক্ষকের কাছে পড়তে যান। এতে মফিজ স্যার ঐ ছাত্রছাত্রীদের ফেল করিয়ে দেন।

(ক) আখলাকে হামিদাহ অর্থ কী ? ১

(খ) আমানত রক্ষার গুরুত্ব বর্ণনা কর। ২

(গ) মফিজ স্যারের আচরণে কোন গুনটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) ইসলামী শরীয়তের আলোকে মফিজ স্যারের আচরণের পরকালীন পরিণতি কী? আলোচনা কর। ৪

৭। ৭ম শ্রেণির ছাত্র তানজিব তার বাবার সাথে বাড়ি ফিরছিল। পথিমধ্যে তারা দেখতে পায় একটি ছাগল গর্তে পড়েগিয়ে ছটফট করছে। তারা ছাগলটিকে উদ্ধার করে প্রয়োজনীয় সেবা দান করে। ছাগলের মালিক এসে তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলল, হাদিসে আছে, সমগ্র সৃষ্টি জগৎ আল্লাহর পরিবার, আল্লাহর কাছে সেই ব্যক্তি সর্বাধিক প্রিয় যে তাঁর পরিবারের প্রতি অনুগ্রহ প্রকাশ করে।

(ক) হযরত লুকমান (আ) কাকে শালীনতা শিক্ষা দিয়েছেন? ১

(খ) হযরত ফাতিমা (রা) নিজের কাজ নিজে করতেন কীভাবে? বর্ণনা কর। ২

(গ) উদ্দীপকে আখলাকে হামিদার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) উদ্দীপকে আলোচ্য হাদিসটির গুরুত্ব ও প্রভাব বিশ্লেষণ কর। ৪

৮। ধর্মীয় শিক্ষক আবুল কালাম শ্রেণিতে পাঠদানকালে বলেন, আল্লাহ তায়ালার অনেক সিফতি বা গুনবাচক নাম রয়েছে। আল্লাহকে এসব গুনবাচক নামে ডাকা উচিত। এগুলো মানুষের জন্য আদর্শ ও চরিত্র গঠনের উপাদান স্বরুপ। আল্লাহ যেমন সর্বশ্রেষ্ট তাঁর গুনাবলিও তেমন সর্বশ্রেষ্ট।

(ক) 'আল্লাহু হ্যাইয়ুন' অর্থ কী? ১

(খ) মানুষ আল্লাহকে গুনবাচক নামে ডাকবেন কেন? ২

(গ) ধর্মীয় শিক্ষক আবুল কালামের আলোচনানুসারে আল্লাহর গুনবাচক নাম কোন ধরনের প্রভাব ফেলে? ব্যাখ্যা কর। ৩

(ঘ) "আল্লাহ যেমন সর্বশ্রেষ্ট তাঁর গুনাবলিও তেমন সর্বশ্রেষ্ট।" উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৯। শিক্ষার্থী নাদিয়া ধর্মীয় শিক্ষককে জিজ্ঞাসা করল,আমরা রিসালাতে বিশ্বাস করব কেন? শিক্ষক বলল, ইমানের সাতটি মৌলিক বিষয়ের মধ্যে রিসালাত একটি। আল্লাহর একত্ব অস্তিত্ব ও পরিচয় আমরা নবি-রাসূলের মাধ্যমেই জানতে পারি। তাই রিসালাতে বিশ্বাস না করলে কোন বিশ্বাসই পূর্ণতাপ্রাপ্ত হয় না।

(ক) রিসালাত অর্থ কী? ১

(খ) রিসালাতে বিশ্বাস করা প্রয়োজন কেন? ২

(গ) "তাই রিসালাতে বিশ্বাস না করলে কোন বিশ্বাসই পূর্ণতাপ্রাপ্ত হয় না।" ব্যাখ্যা কর।৩

(ঘ) নবি-রাসূল প্রেরণের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

১০। সোহাগ ও খালিদ টিফিন খাওয়া নিয়ে ঝগড়ায় লিপ্ত হয়। সোহাগ খালিদকে গালি দিলে খালিদ ও সোহাগকে গালি দেয়। এক পর্যায়ে সোহাগ খালিদকে ঘুষি মারে। বিষয়টি প্রধান শিক্ষককে জানালে তিনি বলেন, তোমরা কি জানো না হাদিসে এসেছে, "মুসলমান সেই যার জিহ্ব ও হাত থেকে অন্য মুসলমান নিরাপদ থাকে।"

(ক) হাদিস অর্থ কী? ১

(খ) মুনাজাতমূলক এক নম্বর হাদিসের অর্থ লেখ। ২

(গ) সোহাগ ও খালিদের বিষয়টি হাদিসের আলোকে কিরুপ হয়েছে? ব্যাখ্যা কর।৩

(ঘ) ঝগড়া-বিবাদ পারস্পরিক সম্পর্ক নষ্ট করে-অনুচ্ছেদের আলোকে বুঝিয়ে লেখ। ৪